



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

Ref:

Date: ২১ জুন ২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

মাটিরঙ্গায় বাঙালি শ্রমিক গুলিবিদ্ধ হওয়ার ঘটনায় ইউপিডিএফ জড়িত নয়

খাগড়াছড়ির মাটিরঙ্গা উপজেলার যৌথখামার এলাকায় গতকাল রাতে এক বাঙালি শ্রমিক গুলিবিদ্ধ হওয়ার ঘটনার সাথে ইউপিডিএফকে জড়িয়ে 'সাউথইস্ট এশিয়া জার্নাল'সহ কয়েকটি অনলাইন নিউজ পোর্টালে যে খবর প্রকাশ করা হয়েছে তা সত্য নয় এবং এ ধরনের কোন ঘটনার সাথে ইউপিডিএফের ন্যূনতম সংশ্লিষ্টা নেই বলে জানিয়েছেন সংগঠনটির খাগড়াছড়ি ইউনিটের সংগঠক অংগ্য মারমা।

আজ রবিবার (২১ জুন ২০২৬) সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে অংগ্য মারমা বলেন, পার্বত্য চট্টগ্রামে কোন ঘটনা ঘটলে সঠিক তদন্ত ছাড়াই ইউপিডিএফকে জড়ানো একটি রেওয়াজে পরিণত হয়েছে। ইউপিডিএফের ভাবমূর্তি ক্ষুণ্ণ করতে রাষ্ট্রীয় একটি বিশেষ মহল পরিকল্পিতভাবে এ ধরনের ঘৃণ্য অপপ্রচারে লিপ্ত রয়েছে।

তিনি মাটিরঙ্গায় গুলির ঘটনার সুষ্ঠু তদন্ত এবং ইউপিডিএফের বিরুদ্ধে ষড়যন্ত্র বন্ধ করার দাবি জানান। একই সাথে তিনি মিথ্যা ও বানোয়াট সংবাদ প্রচার না করে সঠিক ও বস্তুনিষ্ঠ সংবাদ প্রচারের জন্য সকল সংবাদ মাধ্যমের প্রতি আহ্বান জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।